গাংনীতে স্বাস্থ্য বিভাগের অভিযানে প্রাইভেট হাসপাতাল বন্ধ ঘোষণা

মেহেরপুরের গাংনী উপজেলার বিভিন্ন প্রাইভেট হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টারে অভিযান চালিয়েছে স্বাস্থ্য বিভাগ।

অভিযানে অনিয়ম ও লাইসেন্স (সনদ) নবায়ন না থাকায় গাংনী শহরের হাসিনা প্রাইভেট হাসপাতাল অ্যান্ড সনো ডায়াগনস্টিক সেন্টারের সব কার্যক্রম এবং মোল্লা ডায়াগনস্টিক সেন্টারের এক্স-রে বিভাগ সাময়িকভাবে বন্ধ ঘোষণা করা হয়েছে।

বুধবার দুপুরে মেহেরপুরের সিভিল সার্জন ডা. এ কে এম আবু সাঈদের নেতৃত্বে স্বাস্থ্য বিভাগের একটি দল এ অভিযান পরিচালনা করে।

অভিযান সূত্রে জানা যায়, হাসিনা প্রাইভেট হাসপাতাল অ্যান্ড সনো ডায়াগনস্টিক সেন্টার ২০১৯ সাল থেকে প্রতিষ্ঠানের লাইসেন্স (সনদ) নবায়ন ছাড়াই কার্যক্রম পরিচালনা করে আসছিল। এছাড়া প্রতিষ্ঠানটির বিরুদ্ধে বিভিন্ন অনিয়মের অভিযোগ রয়েছে। স্বাস্থ্য বিভাগের অভিযানের খবর পেয়ে প্রতিষ্ঠানটির কর্মচারীরা সেটি বন্ধ করে সেখান থেকে চলে যান। পরে স্বাস্থ্য বিভাগ প্রতিষ্ঠানটির সব কার্যক্রম সাময়িকভাবে বন্ধ ঘোষণা করে।

এদিকে, মোল্লা ডায়াগনস্টিক সেন্টারে অনিয়মের অভিযোগে এক্স-রে বিভাগ সাময়িকভাবে বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়। তবে প্রতিষ্ঠানটির অন্যান্য সাধারণ স্বাস্থ্যসেবা কার্যক্রম চালু থাকবে বলে জানানো হয়েছে।

মেহেরপুরের সিভিল সার্জন ডা. এ কে এম আবু সাঈদ বলেন, সরকারি সিদ্ধান্ত অনুযায়ী বিভিন্ন প্রাইভেট হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টারে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে। পরিদর্শনে বিভিন্ন অনিয়মের প্রমাণ পাওয়ায় আইনানুগ ব্যবস্থা হিসেবে হাসিনা প্রাইভেট হাসপাতাল অ্যান্ড সনো ডায়াগনস্টিক সেন্টারের সব কার্যক্রম এবং মোল্লা ডায়াগনস্টিক সেন্টারের এক্স-রে বিভাগ সাময়িকভাবে বন্ধ ঘোষণা করা হয়েছে।

অভিযানে গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. একরামুল হক, জেলা স্যানিটারি ইন্সপেক্টর নিজাম উদ্দীন এবং গাংনী উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর মশিউর রহমান উপস্থিত ছিলেন।

অসহায় জীবন কাটাচ্ছেন প্রতিবন্ধী সজীব

মাত্র ২১ বছর বয়সে বদলে যায় সজীবের জীবন। এক সুবহে সাদিকের সময় ঘুম থেকে উঠে তিনি অনুভব করেন, শরীরে আর কোনো শক্তি নেই। সেই থেকেই শুরু হয় তার প্রতিবন্ধী জীবন।

সুস্থ হওয়ার আশায় যশোর, রাজশাহী ও ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে চিকিৎসা নিলেও তার অবস্থার স্থায়ী কোনো উন্নতি হয়নি। চিকিৎসকদের মতে, তাকে আমৃত্যু ওষুধ সেবন করতে হবে। এরই মধ্যে তার শরীরের বিভিন্ন স্থানে ঘা-পাচড়ার মতো অজ্ঞাত একটি রোগও দেখা দিয়েছে, যা তার দুর্ভোগ আরও বাড়িয়ে দিয়েছে।

শারীরিক প্রতিবন্ধকতা ও দারিদ্র্যের কারণে ভেঙে পড়েছে তার পারিবারিক জীবনও। দীর্ঘদিন আগেই স্ত্রী তাকে ছেড়ে চলে গেছেন। বর্তমানে তিনি অন্যের সহযোগিতার ওপর নির্ভর করেই জীবনযাপন করছেন।

সরকারি প্রতিবন্ধী কার্ড পাওয়ার আশায় নিজেকে প্রতিবন্ধী হিসেবে আবেদন করেছিলেন সজীব। কিন্তু আবেদন করার প্রায় তিন বছর পেরিয়ে গেলেও উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়ের চূড়ান্ত তালিকায় তার নাম অন্তর্ভুক্ত হয়নি।

সর্বশেষ দারিয়াপুর ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য রাসেল আহমেদকে সঙ্গে নিয়ে তিনি উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়ে যান। এ বিষয়ে ইউপি সদস্য রাসেল আহমেদ বলেন, প্রতিবন্ধী কার্ড না হওয়ার কারণ জানতে চাইলে ইউনিয়ন সমাজকর্মী রবিউল ইসলাম জানান, বিষয়টি সম্পর্কে উপজেলা সমাজসেবা কর্মকর্তাই বিস্তারিত বলতে পারবেন।

এ বিষয়ে উপজেলা সমাজসেবা কর্মকর্তা মাহমুদুল হাসানের কাছে আবেদনটি বাতিল হওয়ার কারণ এবং প্রতিবন্ধী ভাতার পে-রোলে নাম অন্তর্ভুক্তির বিষয়ে জানতে চাইলে তিনি আনুষ্ঠানিক কোনো বক্তব্য দিতে রাজি হননি।

এদিকে সজীবের মানবিক পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে সুশাসনের জন্য নাগরিক (সুজন)। সংগঠনটির দাবি, সজীবের শারীরিক অবস্থা যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা করে তিনি যদি প্রতিবন্ধী সনদের যোগ্য হন, তবে দ্রুত তার নামে প্রতিবন্ধী সনদ ও কার্ড প্রদানের উদ্যোগ নেওয়া উচিত।

গাংনীতে দুটি বোমা সদৃশ বস্তু উদ্ধার

মেহেরপুরের গাংনীতে কালো টেপে মোড়ানো বোমা সদৃশ দুটি বস্তু উদ্ধার করেছে পুলিশ। বুধবার সকাল সাড়ে ৭ টায় উপজেলার কাজিপুর ইউনিয়নের নওদাপাড়া গ্রামের ইব্রাহিম মণ্ডলের ছেলে মো. নিজাম উদ্দিন ও ইকরাম হোসেনের ছেলে ইমদাদুল হকের বাড়ির গেটের সামনে থেকে বোমা সদৃশ বস্তু উদ্ধার করা হয়।

ইমদাদুল হকের ছেলে হোসেন বলেন, সকালে বাড়ির লোকজন বোমা সদৃশ বস্তু দেখতে পেয়ে ভবানীপুর পুলিশ ক্যাম্পে খবর দেন।

সংবাদ পেয়ে ক্যাম্প ইনচার্জ এসআই মো: আব্দুল করিম ঘটনাস্থলে উপস্থিত হয়ে বোমা সদৃশ দুটি বস্তু উদ্ধার করেন। রাতের আধারে কে বা করা কি কারনে বোমা সদৃশ বস্তু রেখেছে তা তারা জানেন না।

এসআই মো. আব্দুল করিম বলেন, বোমা সদৃশ বস্তু দুটি পানি ভার্তি বালতিতে রাখা হয়েছে। বিষয়টি তদন্ত করা হচ্ছে। বোমা সদৃশ বস্তু রাখার ঘটনায় আতংকিত না হওয়ার পরামর্শ দেন তিনি।

বিষয়টি নিশ্চিত করে কাজীপুর ইউনিয়ন পরিষদের ৭ নং ওয়ার্ডের ইউপি সদস্য মহন আলী বলেন, উপজেলার নওদাপাড়া গ্রামের বিলপাড়ার মো:

ইব্রাহিম হোসেনের ছেলে নিজাম উদ্দিন ও একরামুল হকের ছেলে এমদাদুল হকের বাড়ির মূল ফটকের সামনে কালো টিপে মোড়ানো দুটি বোমার সাদৃশ্য বস্তু দেখতে পেয়ে পুলিশকে খবর দেয়।পরে পুলিশ এগুলো নিয়ে যায়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মুহাদ্দিদ মোর্শেদ চৌধুরী জানান, খবর পেয়ে ঘটনাস্থল থেকে পুলিশ ককটেল সদৃশ বস্তু উদ্ধার করেছে।বিষয়টি অতি গুরুত্বের সাথে দেখা হচ্ছে।ঘটনার সাথে জড়িতদের আইনের আওতায় আনা হবে।

গাংনীতে সাইকেল চুরির সাক্ষী দেওয়ার জেরে চাচার কোপে ভাতিজা নিহত, আটক ১

মেহেরপুরের গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া গ্রামে সাইকেল চুরির ঘটনার সাক্ষী দেওয়াকে কেন্দ্র করে চাচার হাসুয়ার কোপে ভাতিজা নাহিদ হোসেন নিহত হয়েছেন। এ ঘটনায় অভিযুক্ত চাচা লালন হোসেনকে আটক করেছে গাংনী থানা পুলিশ।

বিষয়টি নিশ্চিত করেছেন গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাদ্দিদ মুর্শেদ চৌধুরী।

পুলিশ জানায়, গুরুতর আহত অবস্থায় নাহিদ হোসেনকে প্রথমে মেহেরপুর জেনারেল হাসপাতালে নেওয়া হয়। পরে অবস্থার অবনতি হলে তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়। সেখান থেকেও উন্নত চিকিৎসার জন্য ঢাকার একটি হাসপাতালে ভর্তি করা হলে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

নিহত নাহিদ হোসেন উপজেলার তেঁতুলবাড়িয়া ভিটাপাড়া গ্রামের জাহিদ হোসেনের ছেলে। আটক লালন হোসেন একই গ্রামের নুরুল ইসলামের ছেলে।

স্থানীয়রা জানান, গত ২৬ জুলাই রাতে ফুরকানের ছেলে তাজুল ইসলামের বাড়ি থেকে একটি সাইকেল চুরির চেষ্টা করেন লালন হোসেন।

এ সময় নাহিদ তাকে দেখে ফেললে দুজনের মধ্যে বাকবিতণ্ডা হয়। পরদিন ২৭ জুলাই এ ঘটনাকে কেন্দ্র করে আবারও চাচা-ভাতিজার মধ্যে কথা কাটাকাটি হয়। একপর্যায়ে লালন হাতে থাকা হাসুয়া দিয়ে নাহিদকে এলোপাতাড়ি কুপিয়ে গুরুতর জখম করেন।

প্রতিবেশীরা আহত নাহিদকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেন। পরে উন্নত চিকিৎসার জন্য ঢাকায় নেওয়া হলে সেখানে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

এদিকে, ঘটনার পর নিহত নাহিদের স্বজনরা লালন হোসেনের ওপর হামলা চালালে তিনিও আহত হন। তার মাথা ও শরীরের বিভিন্ন স্থানে আঘাতের চিহ্ন রয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাদ্দিদ মুর্শেদ চৌধুরী জানান, এ ঘটনায় অভিযুক্ত লালন হোসেনকে মঙ্গলবার দুপুরে আটক করা হয়েছে। তার বিরুদ্ধে মাদক সংক্রান্ত একাধিক মামলা রয়েছে। ঘটনার বিষয়ে আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।

মেহেরপুরে সীমান্তবর্তী বেকার যুব-যুবতীদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ কর্মসূচি

সীমান্তবর্তী এলাকার বেকার যুব-যুবতীদের দক্ষতা বৃদ্ধি, কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং সামাজিক অবস্থার উন্নয়নের লক্ষ্যে মেহেরপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে (টিটিসি) প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে।

মঙ্গলবার (২৮ জুলাই) সকালে মেহেরপুর টিটিসি প্রাঙ্গণে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক শিল্পী রানী রায়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন টিটিসির অধ্যক্ষ ড. প্রকৌশলী শামিম হোসেন।

অনুষ্ঠানে টিটিসিতে অধ্যয়নরত বেকার যুব-যুবতী, বিভিন্ন ট্রেডের

প্রশিক্ষক (ট্রেইনার), সাংবাদিক এবং বিভিন্ন শ্রেণি-পেশার ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান শেষে জেলা প্রশাসক শিল্পী রানী রায় টিটিসি প্রাঙ্গণে একটি বৃক্ষরোপণ করেন। এ সময় তিনি প্রশিক্ষণার্থীদের দক্ষতা অর্জনের মাধ্যমে আত্মকর্মসংস্থান গড়ে তোলা এবং দেশের অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখার আহ্বান জানান।

টিটিসি কর্তৃপক্ষ জানায়, প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে বেকার যুব সমাজকে দক্ষ জনশক্তিতে পরিণত করে দেশ-বিদেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করাই এ উদ্যোগের মূল উদ্দেশ্য।

‎গাংনীতে সাইকেল চুরির অভিযোগে চাচার হাসুয়ার কোপে ভাতিজার মৃত্যু

মেহেরপুরের গাংনী উপজেলার তেঁতুলবাড়ীয়া গ্রামে চাচার হাসুয়ার কোপে নাহিদ হোসেন (২০) নামের এক ভাতিজার মৃত্যু হয়েছে। নিহত নাহিদ তেঁতুলবাড়ীয়া গ্রামের ভিটাপাড়ার জাহিদ হোসেনের ছেলে। হামলাকারি একই পাড়ার নুরুল ইসলামের ছেলে লালন হোসেন।

একটি বাইসাইকেল চুরির অভিযোগে চাচা লালনের হাসুয়ার কোপে ভাতিজা নাহিদের মৃত্যু হয়। মঙ্গলবার সকাল ১০টার দিকে ঢাকার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

স্থানীয়রা জানান,গত ২৬ জুলাই লালন হোসেনের একটি বাইসাইকেল চুরি হয়ে যায় । সাইকেলটি তার ভাইয়ের ছেলে নাহিদ চুরি করেছে এমন অভিযোগ করেন চাচা লালন। এ নিয়ে দু’জনের মধ্যে প্রথমে বাকবিতন্ডা হয়। পরের দিন ২৭ জুলাই বিষয়টি নিয়ে আবারো চাচা-ভাতিজার মধ্যে বাকবিতন্ডা হয়। এক পর্যায়ে হাতে থাকা হাসুয়া দিয়ে চাচা লালন নাহিদকে এলোপাতাড়ি কোপাতে থাকে হাসুয়ার কোপে রক্তাক্ত জখম করে।

প্রতিবেশীরা আহত নাহিদকে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করে প্রথমে মেহেরপুর ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করেন।

‎‎এসময় নাহিদের শারীরিক অবস্থার অবনতি দেখা দেওয়ায় সেখান থেকে তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়। পরে তার শারীরিক অবস্থার আরো অবনতি দেখা দেওয়ায় উন্নত চিকিৎসা দেওয়ার লক্ষ্যে সেখান থেকে ঢাকার একটি হাসপাতালে ভর্তি করা হয়।

অবশেষে চিকিৎসাধীন অবস্থায় একদিন পর তার মৃত্যু হয়। এ রিপোর্ট লেখা পর্যন্ত নিহতের বাবা বিষয়টি নিয়ে মামলার প্রস্তুতি নিচ্ছিলেন বলে জানান ।‎

‎এ ব্যাপারে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাদ্দিদ মুর্শেদ চৌধুরী জানান,ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে।আইনগত কার্যক্রম প্রক্রিয়াধীন।

আওয়ামী লীগ তো ভারতে জায়গা পেয়েছে আপনারা কোথায় পালাবেন গাংনী অফিস

মেহেরপুরের গাংনীতে জাতীয় নাগরিক পার্টি এনসিপির পথযাত্রা ও পথসভা অনুষ্ঠিত হয়েছে।
সোমবার সন্ধ্যা সাড়ে সাতটায় গাংনী বাজার বাসস্ট্যান্ড চত্বরে এ সভা অনুষ্ঠিত হয়।
এনসিপির কেন্দ্রীয় নেতা ও মেহেরপুর জেলা সমন্বয়কারী এডভোকেট শাকিল আহমেদের সভাপতিত্বে কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য সচিব আক্তার হোসেন এমপি, কেন্দ্রীয় নেতা আবুল হাসনাত আব্দুল্লাহ এমপি, ডাক্তার মাহমুদা মিতু এমপি ও নুসরাত তাবাসসুম এমপি সহ বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।
হাসনাত আব্দুল্লাহ বলেন, বিশ্বের বড় রাজনৈতিক দল দাবিদারী একটা গ্রুপকে টেলিগ্রাম লীগে পরিণত করতে পারছে। ট্যাঙ্ক গোলাবারুদ পার্শ্ববর্তী দেশ বিদেশী শক্তি টাকা পয়সা অর্থবিত্ত কোন কিছুই

এই দলটার পতন ঠেকাতে পারে নাই।
আক্তার হোসেন এমপি বলেছেন, ইলেকশনে দিতে চাইত না। ইলেকশনের নামে ডামি ইলেকশন করতো। ইলেকশনের নামে জনগণের ভোটাধিকার হরণ করত। বিএনপি সরকারের ছয় মাস হয়ে গেছে কবে স্থানীয় পরিষদ নির্বাচন দেবে সেই তারিখ এখনো জানায়নি। এখন ভোট না দিয়ে স্থানীয় সরকারের তাদের প্রতিনিধি বসায়। ইউনিয়ন ও জেলা পরিষদে বিএনপি নেতাদের প্রশাসক পদে বসাচ্ছে। শিক্ষা ব্যবসায়ী ও সাহিত্য শাসিত প্রতিষ্ঠানগুলো দখল করছে। বিএনপি কথায় কথায় বলে ৩১ দফা বাস্তবায়ন করবে বিএনপির সেই ৩১ দফায় কোথায় লেখা ছিল যে বাংলাদেশের প্রতিষ্ঠানগুলোকে দখল করতে হবে।
মাহমুদা মিতু এমপি বিএনপির উদ্দেশ্যে বলেন, যাদের রক্তের উপর দাঁড়িয়ে সরকার গঠন করেছেন তাদের কুশপুত্তলিকা তৈরি করেছেন। আপনারা আওয়ামী লীগ থেকে যদি শিক্ষা না নেন তাহলে গাংনীবাসী এমন শিক্ষা দেবে, আওয়ামী লীগ তো ভারতে জায়গা পেয়েছে আপনারা কোথায় পালাবেন সেটি এখন থেকে চিন্তা করেন। বাংলাদেশ আর সেই বাংলাদেশ নেই বাংলাদেশকে যদি আওয়ামী লীগের রাস্তায় নিয়ে যেতে চান হাসিনার মতো পালায় না পালায় না বলে পালিয়ে যেতে হবে মুখ দেখানোর জায়গা পাবেন না। একটা বালুর ট্রাক সরাতে পারেন নাই আর এখন চোরা গুপ্তা হামলার চেষ্টা করেন। এনসিপি জুলাইয়ের ২৪ আন্দোলনের রক্তে গড়ে ওঠেছে। এনসিপির গায়ে হাত দেওয়ার চেষ্টা করলে কিভাবে প্রতিরোধ করতে হয় জনগণ জানে। গণভোটে রায়ের সাথে বেইমানি করেছেন বলেও উল্লেখ করেন তিনি।
এসময় কেন্দ্রীয় ও স্থানীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মোমিনপুর স: প্রা: বিদ্যালয় পরিদর্শনে নবনির্বাচিত সভাপতি সাংবাদিক সাইফুল ইসলাম বাবু

মেহেরপুর সদর উপজেলার মোমিনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের স্কুল ম্যানেজিং কমিটির (এসএমসি) নবনির্বাচিত সভাপতি সাংবাদিক সাইফুল ইসলাম বাবু বিদ্যালয়টি পরিদর্শন করেছেন।

সোমবার (২৭ জুলাই) দুপুর ১২টার দিকে তিনি বিদ্যালয় পরিদর্শনে যান। এ সময় তিনি বিদ্যালয়ের সার্বিক পরিস্থিতি, শিক্ষার মান, শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি, বিদ্যালয়ের পরিবেশ ও পরিচ্ছন্নতাসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে শিক্ষকবৃন্দের সঙ্গে মতবিনিময় করেন।

পরিদর্শনকালে সভাপতি সাইফুল ইসলাম বাবু বলেন, “একটি সুন্দর ও আদর্শ জাতি গঠনে প্রাথমিক শিক্ষার ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

শিক্ষার্থীদের মানসম্মত শিক্ষা নিশ্চিত করার পাশাপাশি তাদের নৈতিক মূল্যবোধ, শৃঙ্খলা ও মানবিক গুণাবলির বিকাশে শিক্ষক, অভিভাবক এবং বিদ্যালয় পরিচালনা কমিটিকে সম্মিলিতভাবে কাজ করতে হবে।”

তিনি বিদ্যালয়ের শিক্ষার মান আরও উন্নত করা, শিক্ষার্থীদের পাঠদানে আগ্রহী করে তোলা এবং নিয়মিত বিদ্যালয়ে উপস্থিতি নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেন। পাশাপাশি বিদ্যালয়ের শ্রেণিকক্ষ, আঙিনা ও আশপাশের পরিবেশ সবসময় পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার আহ্বান জানান।

এ সময় তিনি বিদ্যালয়ের বিভিন্ন সমস্যা ও সম্ভাবনার বিষয়ে খোঁজখবর নেন এবং শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের আশ্বাস দেন। বিদ্যালয়ের উন্নয়ন ও শিক্ষার্থীদের কল্যাণে সংশ্লিষ্ট সবার সহযোগিতাও কামনা করেন।

বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ নবনির্বাচিত সভাপতিকে স্বাগত জানিয়ে বিদ্যালয়ের সার্বিক উন্নয়ন ও শিক্ষার মানোন্নয়নে তাঁর সহযোগিতা কামনা করেন।

এ সময় বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ও স্কুল ম্যানেজিং কমিটির সদস্যসচিব উবাইদুল ইসলাম, শিক্ষকবৃন্দ এবং সংশ্লিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরের পাটকেলপোতা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠন

মেহেরপুর সদর উপজেলার পাটকেলপোতা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের স্কুল ম্যানেজিং কমিটির (এসএমসি) সভাপতি নির্বাচিত হয়েছেন তরুণ উদ্যোক্তা, সমাজসেবক ও পরোপকারী ব্যক্তি শামস ই আলম।

শামস ই আলম একজন তরুণ উদ্যোক্তা হিসেবে নিজ কর্মক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার পাশাপাশি দীর্ঘদিন ধরে সামাজিক ও মানবিক কর্মকাণ্ডের সঙ্গে সম্পৃক্ত রয়েছেন। সমাজের অসহায় ও সুবিধাবঞ্চিত মানুষের পাশে দাঁড়ানো এবং বিভিন্ন জনকল্যাণমূলক কর্মকাণ্ডে সহযোগিতার মাধ্যমে তিনি স্থানীয়ভাবে একজন সমাজসেবক ও পরোপকারী ব্যক্তি হিসেবে পরিচিতি লাভ করেছেন।

শিক্ষাজীবনে তিনি ইংরেজি ভাষা ও সাহিত্যে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেছেন। তাঁর শিক্ষাগত যোগ্যতা, কর্মদক্ষতা ও সামাজিক দায়বদ্ধতার কারণে বিদ্যালয়ের সার্বিক উন্নয়নে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবেন বলে সংশ্লিষ্টরা আশা প্রকাশ করেছেন।

বিদ্যালয়ের সদস্যসচিব হিসেবে দায়িত্ব পালন করবেন পাটকেলপোতা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শামীম হাসান।

নবনির্বাচিত সভাপতি শামস ই আলম বলেন, “বিদ্যালয়ের শিক্ষার মানোন্নয়ন, শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করা, বিদ্যালয়ের পরিবেশ সুন্দর ও পরিচ্ছন্ন রাখা এবং শিক্ষার্থীদের নৈতিক ও মানবিক মূল্যবোধ গড়ে তোলার লক্ষ্যে আমি আন্তরিকভাবে কাজ করতে চাই। বিদ্যালয়ের শিক্ষক, অভিভাবক ও স্থানীয় জনগণের সহযোগিতায় পাটকেলপোতা সরকারি প্রাথমিক বিদ্যালয়কে একটি আদর্শ ও মানসম্মত শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে সর্বাত্মক প্রচেষ্টা চালাব।”

সংশ্লিষ্টরা আশা প্রকাশ করেন, শামস ই আলমের নেতৃত্বে বিদ্যালয়ের শিক্ষা, অবকাঠামোগত উন্নয়ন এবং সার্বিক কার্যক্রম আরও গতিশীল হবে। পাশাপাশি শিক্ষার্থীদের জন্য একটি সুন্দর, নিরাপদ ও শিক্ষাবান্ধব পরিবেশ নিশ্চিত করা সম্ভব হবে।

[redacted]

[redacted]

সভাপতি মুনসি ওমর ফারুক প্রিন্স, উপজেলা কৃষি কর্মকর্তাসহ উপ-সহকারী কৃষি কর্মকর্তাবৃন্দ এবং এলাকার সুফলভোগী ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকেরা।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সূত্রে জানা যায়, এ কর্মসূচির মাধ্যমে উপজেলার তালিকাভুক্ত প্রকৃত কৃষকদের মাঝে বিনামূল্যে গ্রীষ্মকালীন শাকসবজির বীজ এবং প্রয়োজনীয় রাসায়নিক সার বিতরণ করা হচ্ছে, যা এলাকার কৃষি উৎপাদন বৃদ্ধিতে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে।

উল্লেখ্য, কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় উপজেলার ১ হাজার ৫০০ জন কৃষকের মাঝে সাত প্রকারের বিভিন্ন সবজির বীজ, ১৫ কেজি টিএসপি এবং ১৫ কেজি ডিএপি রাসায়নিক সার বিতরণ করা হবে।